

## B.A. 4th Semester (Honours) Examination, 2019 (CBCS)

Subject : Bengali

Paper : SEC-2

Time: 2 Hours

Full Marks: 40

*The figures in the margin indicate full marks.**Candidates are required to give their answers in their own words as far as practicable.*

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে কোনো পাঁচটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও :

২×৫=১০

- (ক) হলুদ সাংবাদিকতা কী?
- (খ) প্রাতিষ্ঠানিক পত্র কী? উদাহরণ দাও।
- (গ) বাণিজ্যিক পত্রের দুটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।
- (ঘ) প্রতিবেদন-এর সংজ্ঞা দাও।
- (ঙ) 'হার্ড নিউজ' কী?
- (চ) প্রতিবেদন ও সংবাদ-এর মধ্যে পার্থক্য কোথায়?
- (ছ) ভাবার্থ কী?
- (জ) অনুচ্ছেদ বলতে কী বোঝো?

২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

- (ক) বিষয়ানুযায়ী পত্র কয় প্রকার? প্রতি প্রকার পত্রের একটি করে উদাহরণ দাও। কোন ধরনের পত্রে ফ্রোডপত্র সংযোজনের প্রয়োজন হয়? ২+২+১=৫
- (খ) প্রতিবেদন রচনার সময় কী কী বিষয়ের দিকে গুরুত্ব দেওয়া প্রয়োজন? একটি রাজনৈতিক প্রতিবেদনের উদাহরণ দাও। ৪+১=৫
- (গ) প্লাস্টিক দূষণ বিষয়ে একটি নাতিদীর্ঘ অনুচ্ছেদ রচনা করো। ৫

(ঘ) ভাবার্থ লেখো।

বিপদে মোরে রক্ষা করো, এ নহে মোর প্রার্থনা।

বিপদে আমি না যেন করি ভয়।

দুঃখ তাপে ব্যথিত চিতে নাই বা দিলে সাত্বনা,

দুঃখ যেন করিতে পারি জয়।

সহায় মোর না যদি জুটে, নিজের বল না যেন টুটে,

সংসারেতে ঘটিলে ক্ষতি লভিলে শুধু বঞ্চনা

নিজের মনে না যেন মানি ক্ষয়।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০/২=২০

(ক) ব্যক্তিগত বা পারিবারিক চিঠিপত্র কাকে বলে? তোমার কোনো ঐতিহাসিক নিদর্শনপূর্ণ স্থান ভ্রমণের অভিজ্ঞতার উল্লেখ করে বন্ধুকে একটি পত্র লেখো।

২+৮=১০

(খ) কলেজে অনুষ্ঠিত রক্তদান শিবির উপলক্ষ্যে সংবাদপত্রে প্রকাশের উপযোগী প্রতিবেদন রচনা করো। প্রতিবেদনটির একটি যথোপযুক্ত শিরোনাম উল্লেখ করো।

৮+২=১০

(গ) অনুচ্ছেদ রচনা করো (যে কোনো একটি) :

১০

(অ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।

(আ) সমাজ গঠনে ছাত্রসমাজের ভূমিকা।

(ই) “প্রযুক্তির নিয়ন্ত্রিত ব্যবহার আমাদের জীবনকে সহজ করে তুলতে পারে”—নিজস্ব মতামত জানিয়ে অনুচ্ছেদ রচনা করো।

(ঈ) পরিবেশ দূষণ ও সচেতন নাগরিক সমাজ।

(ঘ) ভাবসম্প্রসারণ করো (যে কোনো একটি) :

(অ) “ধর্মের বেশে মোহ যারে এসে ধরে,  
অন্ধ সে জন মারে আর শুধু মরে।”

অথবা,

(আ) “জীবে প্রেম করে যেই জন  
সেই জন সেবিছে ঈশ্বর।”